# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১০৭

১/ বিবিধ

আরবী

كان يرمي الجمرة في هذا المكان، ويقول كلما رمي بحصاة: الله أكبر، الله أكبر، اللهم اجعله حجا مبرورا، وذنبا مغفورا، وعملا مشكورا

ضعيف

أخرجه البيهقي في " سننه " (5/129) والخطيب في " تلخيص المتشابه " (11/2) عن عبد الله بن حكيم المزني: حدثني أبو أسامة قال

" رأيت سالم بن عبد الله بن عمر استبطن الوادي، ثم رمى الجمرة بسبع حصيات يكبر مع كل حصاة: الله أكبر، الله أكبر.. فسألته عما صنع فقال: حدثني أبي أن النبي صلى الله عليه وسلم كان يرمي الجمرة ... " الحديث. وقال البيهقي: عبد الله بن حكيم ضعيف

قلت: بل هو شر من ذلك، وهو أبو بكر الداهري البصري، قال أحمد وغيره

ليس بشيء

وقال الجوزجاني

" كذاب "

وقال أبو نعيم الأصبهاني

روى عن إسماعيل بن أبي خالد والأعمش الموضوعات

وقال العقيلي

" يحدث بالبواطيل عن الثقات "

وقد روي بإسناد آخر، ولكنه ضعيف. يرويه ليث بن أبي سليم عن محمد بن عبد الرحمن بن يزيد عن أبيه عن عبد الله بن مسعود ونحوه، ثم قال
" هكذا رأيت الذي أنزلت عليه سورة البقرة صنع "
وليث ضعيف، وكان اختلط، وشيخه محمد بن عبد الرحمن ثقة، فالآفة من الليث
ومما يضعف حديثه أن الحديث في " الصحيحين " وغيرهما من طريق أخرى عن عبد الرحمن بن يزيد دون قوله: " الله أكبر، اللهم اجعله حجا.. إلخ ". وهو في مختصري لـ " صحيح البخاري " برقم (850) يسر الله تمام طبعه، بمنه وكرمه، وقد خرجته في " إرواء الغليل " (1724) ، وقد جاء التكبير وحده في حديث آخر مخرج من حديث ابن عمر في " الصحيحين " وغيرهما، وهو في " مختصر البخاري " برقم (851) ومن حديث أم سليمان بن عمرو بن الأحوص وهو مخرج في " صحيح أبي داود " (1715) الأمر الذي يؤكد نكارة هذه الزيادة

বাংলা

১১০৭। তিনি এ স্থানে কঙ্কর নিক্ষেপ করতেন আর যখনি কঙ্কর নিক্ষেপ করতেন তখনই বলতেনঃ আল্লাহু আকবার, আল্লাহু আকবার, হে আল্লাহ এ স্থানকে গ্রহণযোগ্য হাজ্জের স্থান, গুনাহ মাফের স্থান এবং শুকুর গোযার আমলের স্থান বানিয়ে দাও।

হাদীসটি দুর্বল।

এটিকে বাইহাকী তার "সুনান" গ্রন্থে (৫/১২৯) এবং আলখাতীব "তালখীসুল মুতাশাবিহ" গ্রন্থে (২/১১) আব্দুল্লাহ ইবনু হুকায়েম আলমুযানী হতে, তিনি আবূ উসামা হতে বর্ণনা করেছেন।

বাইহাকী বলেনঃ আব্দুল্লাহ ইবনু হুকায়েম দুর্বল বর্ণনাকারী।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি এর চেয়েও নিকৃষ্ট। তিনি হচ্ছেন আবূ বকর আদদাহেরী আলবাসরী। ইমাম আহমাদ প্রমুখ বিদ্যানগণ বলেনঃ তিনি কিছুই না।

জুযজানী বলেনঃ তিনি মিথ্যুক। আবূ নু'আইম আলাসবাহানী বলেনঃ তিনি ইসমাঈল ইবনু আবী খালেদ এবং আ'মাশ-এর উদ্ধৃতিতে বানোয়াট হাদীস বর্ণনা করেছেন।

ওকায়লী বলেনঃ তিনি নির্ভরযোগ্য বর্ণনাকারীদের উদ্ধৃতিতে বাতিল হাদীস বর্ণনাকারী।

হাদীসটি অন্য সনদে বর্ণিত হয়েছে কিন্তু সেটি দুর্বল। তার বর্ণনাকারী লাইস ইবনু আবী সুলায়েম দুর্বল। তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল।

এ বিষয়ে বর্ণিত সহীহ হাদীস আলোচ্য হাদীসটি দুর্বল হওয়ার প্রমাণ বহন করছে। সেটিকে বুখারী, মুসলিম ও আবু দাউদ বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71986

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন